



গবেষণা ও সম্প্রসারণ  
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর  
web: www.brur.ac.bd

email: office.researchextension@brur.ac.bd



স্মারক নং: বেরোবি/গ:ওস:/ ২০২৩-২৪/২৯

তারিখ: ১১.০৭.২০২৩ খ্রি:

বরাবর

বিভাগীয় প্রধান

বাংলা/ইংরেজি/ইতিহাস ও প্রত্নতত্ত্ব/অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/সমাজ বিজ্ঞান/জৈবদ্রব্য এবং ডেভেলপমেন্ট স্টাডিজ/গনযোগাযোগ ও সাংবাদিকতা/লোকপ্রশাসন/গণিত/পরিসংখ্যান/পদার্থ বিজ্ঞান/ রসায়ন/কম্পিউটার সায়েন্স এবং ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ভূগোল ও পরিবেশ বিজ্ঞান/দূর্যোগ ব্যবস্থাপনা/ম্যানেজমেন্ট স্টাডিজ/মার্কেটিং/একাউন্টিং এবং ইনফরমেশন সিস্টেম/ফাইন্যান্স এবং ব্যাংকিং/ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম বিভাগ।

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের গবেষণা প্রকল্পের জন্য প্রস্তাবনা আহ্বান প্রসঙ্গে।

সূত্র: বিমক/বাজেট ৩৭.০১.০০০০.০৫২.২০.০১৫.২০-১৫৬৭ (৩০) তারিখ: ১০ মে ২০২৩ খ্রি:

জনাব

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর- এর শিক্ষকবৃন্দের গবেষণা কার্যে সহায়তা করার লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে গবেষণা মঞ্জুরী বাবদ (বাজেট কোড-৩৬৩১১০৮) প্রাপ্ত অর্থ বরাদ্দ প্রদানের নিমিত্তে গবেষণা প্রকল্প প্রস্তাবনা আহ্বান করা হচ্ছে।

গবেষণা প্রকল্পের প্রস্তাবনায় গবেষণা শিরোনাম, উদ্দেশ্য ও যৌক্তিকতা, গবেষণার মেয়াদকাল, প্রাক্কলিত বাজেট ব্যয়ের খাতসহ অন্যান্য বিষয়সমূহ উল্লেখ করতে হবে। এক্ষেত্রে উল্লেখ্য যে, ২০২২-২৩ অর্থ বছরের গবেষণা প্রকল্পসমূহের মধ্যে মানসমপন্ন আন্তর্জাতিক জার্নালে প্রকাশনা থাকা সাপেক্ষে ২০২৩-২৪ অর্থ বছরের গবেষণা অনুদান বৃদ্ধি করা যাবে। নিম্নোক্ত শর্ত পূরণ সাপেক্ষে গবেষণা প্রকল্পসমূহ বিশ্ববিদ্যালয়ের গবেষণা প্রকল্প বাছাই ও মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়নপূর্বক বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে প্রেরণ করা হবে। গবেষণা প্রকল্পসমূহ মূল্যায়ন কমিটি কর্তৃক নির্বাচিত হলে পত্র মারফত জানানো হবে। গবেষণা প্রকল্প প্রস্তাবনাসমূহ আগামী ২৫ জুলাই ২০২৩ ইং তারিখের মধ্যে গবেষণা ও সম্প্রসারণ দপ্তরে (কক্ষ নং-১২২, প্রশাসনিক ভবন) জমা প্রদান করতে হবে।

শর্তসমূহ:

- ১। গবেষকবৃন্দকে ২টি সেমিনার প্রদান করতে হবে। প্রথম কিস্তির অর্থ উত্তোলনের পূর্বে প্রথম সেমিনার এবং দ্বিতীয় কিস্তির অর্থ উত্তোলনের পূর্বে দ্বিতীয় সেমিনার প্রদান করতে হবে। গবেষণা ও সম্প্রসারণ দপ্তর সেমিনারের আয়োজন করবে।
- ২। ২০২২-২০২৩ অর্থ বছরের অথবা ইতোপূর্বে যে সকল গবেষক গবেষণার জন্য অর্থ গ্রহণ করেছেন তাদের সময় সাপেক্ষে ২০২৩-২৪ অর্থ বছরের গবেষণা প্রকল্প বরাদ্দ করা হবে।
- ৩। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর নির্দেশনা মোতাবেক চূড়ান্ত তালিকাভুক্ত গবেষক কে বরাদ্দকৃত অর্থ কিস্তিতে প্রদান করা হবে।
- ৪। প্রভাষক ও সহকারী অধ্যাপকবৃন্দের গবেষণা প্রকল্প প্রস্তাবে আবশ্যিকভাবে একজন সুপারভাইজার থাকতে হবে। যা গবেষণা প্রকল্প বাছাই ও মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ধারিত হবে। উল্লেখ্য যে, যে সকল প্রভাষক ও সহকারী অধ্যাপকবৃন্দের পিএইচ.ডি. ডিগ্রী রয়েছে তাদের ক্ষেত্রে সুপারভাইজার প্রয়োজন নয়।
- ৫। জমাকৃত গবেষণাপত্রটি Turnitin সফটওয়্যারের মাধ্যমে Plagiarism check করা হবে এবং গবেষণাপত্রটিতে ২৫% এর অধিক সাদৃশ্য থাকলে সেটি গ্রহণযোগ্য হবে না।
- ৬। গবেষণা প্রকল্পের প্রস্তাবনা এবং রিপোর্ট ইংরেজিতে লিখতে হবে। ইহা বাংলা বিভাগের জন্য প্রযোজ্য হবে না।
- ৭। বিশ্ববিদ্যালয় কর্তৃক চূড়ান্ত প্রস্তাবনাসমূহ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে আগামী ৩১/০৭/২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

*Handwritten signature and date: 11/07/2023*

প্রফেসর ড. মোঃ হাসিবুর রশীদ  
পরিচালক

গবেষণা ও সম্প্রসারণ

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।

Director  
Research and Extension  
Begum Rokaya University, Rangpur

কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়):

- ১। ট্রেজারার মহোদয়, বেরোবি, রংপুর।
- ২। ডিন, কলা/সামাজিক বিজ্ঞান/বিজ্ঞান/প্রকৌশল ও প্রযুক্তি/জীব ও ভূ-বিজ্ঞান/বিজনেস স্টাডিজ অনুষদ, বেরোবি, রংপুর।
- ৩। পরিচালক ড. ওয়াজেদ রিসার্চ ইনস্টিটিউট, বেরোবি, রংপুর
- ৪। অফিস কপি।